

“মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২, কাকরাইল, ঢাকা-১০০০
কর্মসংস্থান শাখা
www.bmet.gov.bd

নং-৪৯.০১.০০০০.০২০.৩১.০৫০.১৯.৮৮৪৭


তারিখ : ১৪/১০/২০২০খিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সরকার অনুমোদিত সকল লাইসেন্সধারী রিক্রুটমেন্ট এজেন্সির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (রিক্রুটিং এজেন্ট লাইসেন্স ও আচরণ) বিধিমালা, ২০১৯ এর বিধি ৬ এর উপ বিধি-১ এবং বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ অনুযায়ী রিক্রুটমেন্ট এজেন্সির লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে ৬০ দিন পূর্বে সরকার নির্ধারিত ফি ও ভ্যাটসহ লাইসেন্স নবায়নের জন্য মহাপরিচালক, বিএমইটি বরাবর আবেদন দাখিল করার বিধান রয়েছে।

০২। বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (রিক্রুটিং এজেন্ট লাইসেন্স ও আচরণ) বিধিমালা, ২০১৯ এর 'তফসিল-১' অনুযায়ী মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর বরাবরে লাইসেন্স নবায়নের আবেদন ফি, প্রযোজ্য ভ্যাট, লাইসেন্সের সত্যায়িত ফটোকপি এবং রিক্রুটমেন্ট এজেন্সির বিগত ০৩(তিন) বছরের কর্মকান্ডের প্রতিবেদনের ২(দুই) কপি আবেদনের সঙ্গে দাখিল করতে হবে। লাইসেন্স নবায়নের আবেদনের জন্য নির্ধারিত সময়সীমা উত্তীর্ণ হওয়ার পর আবেদন করা হলে সরকার নির্ধারিত লাইসেন্সের নবায়ন ফি এর ওপর ১০০% বিলম্ব ফি ও ভ্যাট প্রযোজ্য হবে। এ সম্পর্কে বিস্তারিত তথ্য এবং নির্ধারিত ফরমসমূহ ব্যুরোর কর্মসংস্থান শাখা (৮৯/২, কাকরাইল, ঢাকার ৩য় তলা) হতে যে কোন কার্যদিবসে অফিস চলাকালীন সময়ের মধ্যে সংগ্রহ করা যাবে। উক্ত আবেদন ফরম ব্যুরোর ওয়েব সাইটেও (www.bmet.gov.bd) পাওয়া যাবে।

০৩। উল্লেখ্য যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ১৫/০৭/২০০৭ খ্রিঃ তারিখে জারীকৃত প্রজ্ঞাপনমূলে ইতোপূর্বে ইস্যুকৃত সকল রিক্রুটমেন্ট এজেন্সির জামানত ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা পুনঃনির্ধারণ করা হয়। এ বিষয়ে, বায়রা কর্তৃক মন্ত্রণালয়ের ১৭/১২/২০১৯ খ্রিঃ তারিখে জারীকৃত পত্র নং- ৪৯.০০.০০০০.০৪৪.১৮.০৬৬.১৭-৬২৮ মোতাবেক যে সকল রিক্রুটমেন্ট এজেন্ট এর ৬,৫০,০০০/- টাকা জামানত আছে তাদেরকে অঙ্গীকারকৃত অবশিষ্ট জামানতের অর্থ এফডিআর (মহাপরিচালক, বিএমইটি, ঢাকা এর বরাবরে লিয়েনকৃত) এর মাধ্যমে ৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকা ও পে-অর্ডারের মাধ্যমে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা আগামী ৩১/১২/২০২০খ্রিঃ তারিখের মধ্যে আবশ্যিকভাবে জমা দিতে হবে।



(ডি এম আতিকুর রহমান)
উপসচিব
পরিচালক (কর্মসংস্থান)
ফোন-৮৩০০৫৬৫

ফরম-৩

বিধি ৬ এর উপ-বিধি (১) দ্রষ্টব্য।

লাইসেন্স নবায়নের আবেদনপত্র	
১। রিক্রুটিং এজেন্টের নাম ও ঠিকানা
২। স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালকের নাম
৩। রিক্রুটিং এজেন্টের লাইসেন্সের ফটোকপি
৪। প্রযোজ্য ক্ষেত্রে, বাড়ি বাড়ার চুক্তিনামার কপি ও ভাড়া পরিশোধের রসিদ
৫। বিগত ৩ (তিন) বৎসরের কর্মকাণ্ডের প্রতিবেদন (বিবরণী সংযুক্ত করিতে হইবে)
৬। ব্যুরো কর্তৃক সংরক্ষিত ডাটাবেজ হইতে কর্মীর প্রেসমেন্টের প্রমাণক
৭। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অনুকূলে প্রদত্ত লাইসেন্স নবায়নের জন আবেদন ফর্ম পে-অর্ডার
৮। স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালকের বিরুদ্ধে কোনো আদালতে দেওয়ানি বা ফৌজদারি মামলা অনিষ্পন্ন থাকিলে উহার বিবরণ
৯। রিক্রুটিং এজেন্টের বিরুদ্ধে কোনো আদালত কর্তৃক কোনোরূপ দণ্ড প্রদান করা হইয়া থাকিলে অথবা সরকার বা ব্যুরো কর্তৃক কোনো শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হইয়া থাকিলে উহার বিবরণ
১০। আবেদনপত্র দাখিলের ক্ষেত্রে বিলম্বের (যদি থাকে) কারণ (প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করা যাইবে)
আমি/আমরা এই মর্মে ঘোষণা করিতেছি যে, এই আবেদনপত্রে প্রদত্ত তথ্য ও কাগজাদি সত্য ও সঠিক।	
তারিখ :	আবেদনকারীর স্বাক্ষর ও সিলমোহর

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সেলিম রেজা

সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.